

## «জেএসসি-জেডিসি» ফল পুনঃনিরীক্ষায় নতুন জিপিএ-৫ পেল ৪শ' জন

### যুগান্তর রিপোর্ট

জেএসসি ও জেডিসি পরীক্ষার পুনঃনিরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। শনিবার রাত পৌনে ৯টা পর্যন্ত তথু ঢাকা শিক্ষা বোর্ড এবং মাদ্রাসা বোর্ডের ফল পাওয়া গেছে। এই দুই বোর্ডে সর্বমিলিয়ে ফল পরিবর্তন হয়েছে ১ হাজার ৫২০ জনের। এর মধ্যে ফেল থেকে পাস করেছে ৩৫৪ জন। নতুন করে জিপিএ-৫ পেয়েছে ৪০০ জন। নিজ নিজ ওয়েবসাইটে পরিবর্তিত ফল প্রকাশ করা হয়েছে। যাদের ফল পরিবর্তন হয়নি, তাদের বিষয়ে কোনো তথ্য জানানো হয়নি।

ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ড. শ্রীকান্ত কুমার চন্দ জানান, এবার ঢাকা বোর্ডে ফল পুনঃনিরীক্ষার আবেদন করে ২৪ হাজার ৩১৪ জন শিক্ষার্থী। এদের মধ্যে এক হাজার ৩৪৬ জনের ফল পরিবর্তিত হয়েছে। এর মধ্যে নতুন করে জিপিএ-৫ পেয়েছে ৩৫৮ জন। আর ফেল থেকে পাস করেছে ২৬১ জন। মাদ্রাসা বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক একেএম ছায়েফউল্লাহ জানান, মোট ৭ হাজার ৯৯৮ ফল চ্যালেঙ্গ করে আবেদন করেছিল। এদের মধ্যে পরিবর্তন হয়েছে ১৭৪ জনের। জিপিএ-৫ পেয়েছে ৪২ জন। ফেল থেকে পাস করেছে ৯৩ জন। গত ৩১ ডিসেম্বর জেএসসির ফল প্রকাশিত হয়। এরপর ১ জানুয়ারি থেকে ৭ জানুয়ারি পর্যন্ত ফল পুনঃনিরীক্ষার আবেদন নেয়া হয়।